



তথ্যবিবরণী

নম্বর-২০৭

রমজানে পণ্যের সংকট হবে না

- বিভাগীয় কমিশনার

রাজশাহী; ০৭ ফাল্গুন (২০ ফেব্রুয়ারি):

রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ বলেছেন, রমজানে পণ্যের কোনো সংকট হবে না। সরকার পণ্য সরবরাহ এবং আমদানির সব ব্যবস্থা নিয়েছে।

আজ বিকালে জুম প্লাটফর্মে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বিভাগীয় কমিশনার বলেন, পাইপলাইনে পর্যাপ্ত পণ্য রয়েছে। পণ্যের সরবরাহ নিয়ে কোনো দুশ্চিন্তা নেই। এসময় তিনি আসন্ন রমজানে রাজশাহীতে ন্যায্য মূল্যে ভোক্তাদের ডিম, দুধ ও মুরগি সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য প্রাণিসম্পদ দপ্তরকে অনুরোধ জানান। একই সাথে কোল্ডস্টোরেজের ভাড়া বৃদ্ধিতে কৃষকদের অসন্তোষের বিষয়টি তুলে ধরে এবিষয়ক নীতি প্রণয়নের জন্য কৃষি দপ্তর ও কৃষি বিপণন দপ্তরকে নির্দেশনা দেন।

চলমান ভোটার তালিকা হালনাগাদ ও নিবন্ধন কাজে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হতে আসা মানুষদের দীর্ঘ সময় ধরে বসিয়ে না রেখে তাদের জন্য নির্ধারিত সময় জানিয়ে দিতে তিনি নির্বাচন অফিসকে অনুরোধ করেন।

রাজশাহীতে যেসব প্রকল্প চলমান আছে সেগুলো অতিমূল্যায়িত হয়েছে কিনা বা এখনই প্রয়োজন নেই এমন প্রকল্প গ্রহণ করা হয়েছে কিনা সেসব সরেজমিনে যাচাইয়ের জন্য তিনি আইএমইডি প্রতিনিধিকে পরামর্শ প্রদান করেন।

রাজশাহী বিভাগের আট জেলার জেলা প্রশাসক এবং বিভাগীয় দপ্তর প্রধানগণ অনলাইনে যুক্ত হয়ে এ সমন্বয় সভায় অংশগ্রহণ করেন।

.....

তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৮:০০ ঘ.